

ভুবন মাঝি'র নাও সিডনি'র ঘাটে ভিড়ছে আগামি ৯ই এপ্রিল রবিবার সন্ধ্যা ৬ টায় রেভউইক রিট্জ সিনেমা হল এ

বাংলাদেশে মুক্তিপ্রাপ্ত এবং ইতিমধ্যে বিপুল প্রশংসিত 'ভুবন মাঝি' চলচ্চিত্রটি সিডনিতে আগামি ৯ই এপ্রিল রবিবার সন্ধ্যা ৬ টায় রেভউইক রিট্জ সিনেমা হল এ প্রদর্শিত হবে। বাংলাদেশ সরকারের অনুদানে এবং মুক্তিযুদ্ধের পটভূমিতে নির্মিত ছবিটি রচনা ও পরিচালনা করেছেন ফখরুল আরাফিন খান। এটি তার পরিচালিত প্রথম পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র। ছবিটিতে অভিনয় করেছেন কলকাতার পরমব্রত চট্টোপাধ্যায় ও বাংলাদেশের অপর্ণা ঘোষ, মাজনুন মিজান এবং মামুনের রশীদ সহ আরও অনেকে। ১৯৭০ সাল থেকে ২০১৩ সালের কিছু সত্য ঘটনা এবং একজন সাধারণ সংগ্রামী মানুষের জীবনে বিদ্রোহী হয়ে ওঠার ওপর ভিত্তি করে ছবির গল্প সাজানো হয়েছে। ভুবন মাঝি চলচ্চিত্রের সুর ও সঙ্গীত পরিচালনা করেছেন কালিকাপ্রসাদ ভট্টাচার্য। এই চলচ্চিত্র দিয়ে তাঁর সঙ্গীত পরিচালনায় অভিষেক হয় কিন্তু গত ৭ মার্চ এক সড়ক দুর্ঘটনায় তিনি প্রাণ হারালে ছবিটি তাকে উৎসর্গ করা হয়। অসাধারণ গানগুলোতে কণ্ঠ দিয়েছেন সপ্তর্ষি, পরমব্রত চট্টোপাধ্যায়, শিমুল ইউসুফ, বাপ্পা মজুমদার, পার্থ বড়ুয়া, বুশরা শাহরিয়ার, কোনাল, সালমা, ও সাব্বির।

ভুবন মাঝি'র অস্ট্রেলিয়া যাত্রা শুরু হয় গত ২৫ শে মার্চ রাজধানি ক্যানবেরার আর্ক সিনেমা হলে। গনহত্যা দিবসে ম্যাক্স ইভেন্টস এবং বঙ্গজ ফিল্মস অস্ট্রেলিয়া আয়োজিত এই প্রদর্শনীতে উপস্থিত ছিলেন মহামান্য রাষ্ট্রদূত কাজি ইমতিয়াজ হোসেনসহ দুতাবাসের সকল কর্মকর্তা এবং ক্যানবেরার বাংলাদেশি এসোসিয়েসনের সদস্যরা। হলভর্তি দর্শকের উপস্থিতিতে মহামান্য রাষ্ট্রদূতসহ বক্তব্য রাখেন অভিজিৎ সরকার এবং তানিম আল মিনারুল মান্নান। সিনেমাটি দর্শকদের আকৃষ্ট প্রশংসা পায় এবং ১৯৭১ এর পটভূমিতে অনেকেই আবেগী হয়ে পড়েন। রাষ্ট্রদূত কাজি ইমতিয়াজ হোসেন বলেন “ভীষন ভাল লেগেছে। একটি শক্ত বাধুনির ছবি এটি। বিশেষ করে প্রাণ ছুঁয়ে যাবার মত হয়েছে দুটি কারণে – প্রথমত স্বাধীনতা সংগ্রামে আমাদের ব্যক্তি পর্যায়ে ত্যাগের কথা তুলে এনেছে, এবং বর্তমানে আমাদের স্বাধীনতাকে সুসংহত করতে করণীয় কি তাও বলেছে।... দর্শক হিসেবে আমরা এরকম আরও ছবি দেখতে চাই।”

ভুবন মাঝি চলচ্চিত্রটির আন্তর্জাতিক পরিবেশক বেঙ্গল ক্রিয়েশন এবং অস্ট্রেলিয়াতে যৌথ উদ্যোগে নিয়ে এসেছে বাজ ফিল্মস, বঙ্গজ ফিল্মস, ই এস আই গ্লোবাল এবং দেশি ইভেন্টস। সার্বিক সহযোগিতায় আছে স্বাধীন কণ্ঠ। পরিবেশক রা আগামি ৯ই এপ্রিল রবিবার সন্ধ্যা ৬ টায় সিডনির রেভউইক রিট্জ সিনেমা হলে দেখানোর পর পর্যায়ক্রমে অন্যান্য শহরেও যৌথ উদ্যোগে আয়োজন করতে আগ্রহী। উল্লেখ্য সিডনির ৯ই এপ্রিল এর শো এর টিকেট অনলাইনে পাওয়া যাচ্ছে www.deshievents.com.au ওয়েবসাইটে। রেভউইক রিট্জ সিনেমা হল এর ঠিকানা হচ্ছে 45 St Pauls St, Randwick NSW 2031। পরিশেষে সিডনির বাংলাভাষী সবাইকে ভুবন মাঝির সহযাত্রী হবার আমন্ত্রণ রইল।